



আদেশ

খাগড়াছড়ি পার্বত্য জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স কেএস লেপচা এর মালিক জনাব খুকু শ্রীং লেপচা'র মৃত্যুর প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম ও পরিবাহিত মালামালের অপরিশোধিত পরিবহন বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম পুনরাদেশ না দেয়া পর্যন্ত অত্র কার্যালয়ের ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখের ৩৪০ নং স্মারকাদেশে স্থগিত করা হয়। ইতোমধ্যে হলফনামা/আমমোক্তার নামার মাধ্যমে জনাব পাপ্পু শ্রীং লেপচা, পিতা-মৃত খুকু শ্রীং লেপচা'র স্থলাভিষিক্ত মালিক নিয়োগ পূর্বক ক্ষমতা অর্পণ পূর্বক যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করায় বর্ধিত মেয়াদে অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারী কাজ পুনঃ চালু করার লক্ষ্যে অত্র দপ্তরের ২৬/১১/২৩ খ্রিঃ তারিখের ২৩৫৪ নং স্মারকে আদেশ প্রদান করা হয়।

এক্ষণে ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে তার অপরিশোধিত পরিবহন বিল পরিশোধের নিমিত্ত স্থগিতকৃত পরিবহন বিল পরিশোধ এবং পরিবহন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করার জন্য জারীকৃত স্থগিতাদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

পত্র জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

(রুপান্তর চাকমা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন: ০২৩৩৩৩৪৩৮৬০
e-mail: dcf.kgr@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৪৬০০.০০৩.৪৯.০১৬.২৩-২৪০৭

তারিখ: ২৯/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ০১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো।
- ০৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।
- ০৪। জেলা এ্যাকাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৫। ব্যবস্থাপক, দেওয়ানহাট/হালিশহর সিএসডি, চট্টগ্রাম।
- ০৬। ম্যানেজার, সোনালী ব্যাংক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৭। সহকারী নিয়ন্ত্রক, জেটি খাদ্য অফিস, চট্টগ্রাম জেটি।
- ০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১০। জনাব পাপ্পু শ্রীং লেপচা, মৃত্যুবরণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিক প্রয়াত খুকু শ্রীং লেপচা'র ছেলে।
- ১১। মজুদ ও চলাচল শাখা, অত্র কার্যালয়।
- ১২। অফিস কপি।

(স্বাক্ষর)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।